মেহেরপুরে মৎস্যখাতে উৎপাদন বৃদ্ধি লক্ষ্যে ব্র্যাক ফিশারিজের প্রশিক্ষণ

মৎস্যখাতে উৎপাদন বৃদ্ধি ও
খামারিদের দক্ষতা উন্নয়নের
লক্ষ্যে ব্র্যাক ফিশারিজ
এন্টারপ্রাইজের উদ্যোগে
দিনব্যাপী মৎস্যচাষী প্রশিক্ষণ
কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল ১১ টাই শহরের সাধু বার্নবার চার্চ চত্বরে আয়োজিত এ প্রশিক্ষণে জেলার প্রায় ১০০ জন মৎস্যচাষী অংশগ্রহণ করেন।

প্রশিক্ষণে পুকুর প্রস্তুতি, পানির গুণগত মান নিয়ন্ত্রণ, উন্নত মানের পোনা নির্বাচন ও মজুদ, সুষম খাদ্য ব্যবস্থাপনা এবং মাছের রোগ প্রতিরোধ ও চিকিৎসা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। পাশাপাশি আধুনিক প্রযুক্তির ব্যবহার, যেমন প্রোবায়োটিক প্রয়োগ, এয়ারেটরের ব্যবহার এবং তথ্যপ্রযুক্তি নির্ভর পানি ব্যবস্থাপনার বিষয়েও অংশগ্রহণকারীদের ধারণা দেওয়া হয়।

ব্রাক ফিসারিজ এন্টারপ্রাইজের চুয়াডাঙ্গা মেহেরপুর ঝিনাইদহ অঞ্চলের সেলস’স অফিসার মোঃ গোলাম কিবরিয়ার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা মৎস অফিসার রবিউল ইসলাম। অনুষ্ঠানের আরও বক্তব্য রাখেন ট্রেইনার শাহারিয়া।
বক্তারা বলেন, পরিকল্পিত ও বৈজ্ঞানিক ব্যবস্থাপনার মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি করা সম্ভব এবং এর মাধ্যমে খামারিদের আয় ও লাভজনকতা বাড়ানো যায়।

প্রশিক্ষণ কর্মসূচির বিভিন্ন পর্বে অংশগ্রহণকারীদের জন্য হাতে-কলমে শেখার সুযোগ রাখা হয়, যাতে তারা বাস্তব ক্ষেত্রে এসব পদ্ধতি প্রয়োগ করতে পারেন। এছাড়া কুইজ প্রতিযোগিতা ও উন্মুক্ত আলোচনা পর্বের মাধ্যমে চাষীদের অংশগ্রহণ নিশ্চিত করা হয়।

কর্মসূচির শেষে অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়। আয়োজকরা জানান, দেশের বিভিন্ন অঞ্চলে পর্যায়ক্রমে এ ধরনের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে, যা মৎস্য উৎপাদন বৃদ্ধি ও গ্রামীণ অর্থনীতির উন্নয়নে সহায়ক ভূমিকা রাখবে।

প্রশিক্ষণ কর্মসূচিতে জেলার বিভিন্ন এলাকার ছোট-বড় সকল মৎস্যচাষী অংশ গ্রহণ করেন।